# Times Today BD

জেলা প্রতিনিধি | ময়মনসিংহ | 10 May, 2025

বিএনপির ভাইস চেয়ারম্যান শামসুজ্জামান দুদু বলেছেন, যারা ভারত-পাকিস্তান যুদ্ধ নিয়ে অতিরিক্ত মাতামাতি করছেন, তারা মূলত বাংলাদেশের নির্বাচন থেকে জনগণের দৃষ্টি অন্যদিকে সরিয়ে নিতে চাচ্ছেন।শনিবার বিকালে জামালপুরের মাদারগঞ্জ উপজেলা বিএনপির দ্বি-বার্ষিক সম্মেলনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন।

তিনি মনে করেন, ভারত-পাকিস্তানের এই যুদ্ধ পরিকল্পিত এবং দীর্ঘস্থায়ী হবে না।

তিনি আরও অভিযোগ করেন, ভারত দীর্ঘদিন ধরে বাংলাদেশে অস্থিতিশীলতা সৃষ্টি করতে চাচ্ছে এবং পুশ ইন-পুশ ব্যাকের মাধ্যমে হস্তক্ষেপ করছে।নির্বাচিত সরকার থাকলে জনগণ এসব প্রতিহত করতে পারত বলে মন্তব্য করেন তিনি।

আওয়ামী লীগ নিষিদ্ধের দাবিতে তিনি বলেন, "ছাত্ররা চাইলে বিএনপি অফিসে এসে কথা বলতে পারত।গণহত্যাকারী দল হিসেবে আওয়ামী লীগকে বিচারের আওতায় এনে নিষিদ্ধ করা উচিত।' তিনি আশাবাদ ব্যক্ত করেন, নির্বাচনের পর আওয়ামী লীগ রাজনৈতিকভাবে নিশ্চিহ্ন হয়ে যাবে।

সম্মেলনে আরও বক্তব্য রাখেন বিএনপির সাংগঠনিক সম্পাদক শরিফুল আলম, সহ-সাংগঠনিক সম্পাদক ওয়ারেছ আলী মামুন, আবু ওয়াহাব আকন্দসহ জেলা ও উপজেলা পর্যায়ের নেতারা।

ভাইস চেয়ারম্যান বিএনপি শামসুজ্জামান দুদু

© 2025 TimesToday. All Rights Reserved.